০৩.	জেলা জজ আদালত, যুগ্ম জেলা জজ আদালত, সহকারী জজ আদালত ঢাকা		১১টি
০৪.	চীফ মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট আদালত, ঢাকা		০৬ টি
০৫.	শ্রম আদালত, ঢাকা		০২টি
০৬.	জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা		২৪৪টি
মোট মামলার সংখ্যা :			৫১৯ টি

সেন্ট্রাল ডিপজিটরী সার্ভিসেস

জানুয়ারী-মার্চ, ২০১৬ সময়কালে নিম্নলিখিত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ড সিডিএস-এ অন্তর্ভূক্ত হয়েছে;

ক্রমিক নং	কোম্পানির নাম	সিডিএস এ অন্তর্ভূক্তির তারিখ
০১	ইনফরমেশন টেকনোলজি কনসালটেন্ট লিমিটেড	জানুয়ারী ১০, ২০১৬
০২	ড্রাগন সুয়েটার এন্ড স্পিনিং লিমিটেড	মার্চ ২৩, ২০১৬

মিউচ্যুয়াল ফান্ডের তালিকা:

ক্রমিক নং	কোম্পানির নাম	সিডিএস এ অন্তর্ভূক্তির তারিখ
০১	এসইএমএল লেকচার ইক্যুটি ম্যানেজমেন্ট ফান্ড	জানুয়ারী ১৪, ২০১৬
০২	ভেনগার্ড এএমএল বিডি ফাইন্যান্স মিউচ্যুয়াল ফান্ড ওয়ান	জানুয়ারী ১৭, ২০১৬

এমআইএস

অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসির বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারইজড তথ্য বিশ্লেষণ ভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা এবং ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এমআইএস বিভাগের মূল উদ্দেশ্য ।

বর্তমানে বিএসইসির সকল কর্মকর্তা তাদের দৈনন্দিন কার্যক্রমে কম্পিউটার ব্যবহার করে থাকেন। অফিসের সকল কম্পিউটার ল্যান এর আওতাভূক্ত। বিএসইসিতে তৈরীকৃত ইন্টিগ্রেটেড বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অটোমেটেড সিস্টেম (SECAS) সফটওয়ার এর বিভিন্ন মডিউল বিভিন্ন বিভাগের ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে। কাগজের ব্যবহার হ্রাসের উদ্দেশ্যে বিএসইসিতে E-paper clipping system প্রবর্তন করা হয়েছে। বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ তাদের ওয়ার্কস্টেশন থেকে সংযুক্ত ল্যানের মাধ্যমে ২০ Mbps গতির ব্রডব্যান্ড ইন্টারনেট (ফাইবার অপটিক) ব্যবহার করে থাকেন। পুঁজিবাজারের স্বার্থে দেশে এবং বিদেশে তাৎক্ষণিক কনফারেন্স করার প্রয়োজনে বিএসইসিতে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে।এছাড়া বিএসইসি'র অফিসিয়াল ওয়েবসাইটটিকে বাংলা ও ইংরেজী (ইউনিকোড ভিত্তিক) উভয় ভাষায় আধুনিকীকরণের কাজ চলমান রয়েছে। বিএসইসি সরকারের বাংলা গভঃনেট ওয়াইড এরিয়া নেটওয়ার্কের সাথে সংযুক্ত হয়েছে। বিএসইসি'র ওয়েব সাইটে (www.sec.gov.bd I www.secbd.org) প্রেস রিলিজ, সিকিউরিটিজ আইন, আইপিও প্রসপেক্টাস, এলিজিবল সিকিউরিটিজ, ডিপজিটরী পার্টিসিপেন্টস, এনফোর্সমেন্ট এ্যাকশনস, রিপোর্টস ইত্যাদি বিভিন্ন তথ্য সন্নিবেশিত করা হয়েছে যা নিয়মিত আপডেট করা হয় এবং ওয়েব সাইটটি প্রচুর ব্যবহৃত হয়ে থাকে। এমআইএস বিভাগ উল্লেখিত সিস্টেমসমূহের ডেভেলপমেন্ট, মডিফিকেশন ও মেইন্টেন্যানসের কাজ করে থাকে।

জানুয়ারি - মার্চ,২০১৬ এ ওয়েবসাইটে বিশেষ কিছু আপলোডের সংখ্যাঃ

কাজ	সংখ্যা
আইপিও প্রসপেক্টাস/রাইট ইস্যু অফার ডকুমেন্ট স্থাপন	৮টি আইপিও, ২টি রাইট ইস্যু
এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন	৪১টি
অন্যান্য আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন	৫টি
এলিজিবল সিকিউরিটিজ/ডিপি ইত্যাদির তালিকা আপডেট	০
ত্রৈমাষিক প্রতিবেদন স্থাপন	১টি
বার্ষিক প্রতিবেদন স্থাপন	০
মতামতের জন্য প্রস্তাাবিত খসড়া আইন স্থাপন	০
প্রেস বিজ্ঞপ্তি	৬টি
দরপত্র বিজ্ঞপ্তি	২টি
নিয়োগ বিজ্ঞপ্তি	০

গবেষণা ও উন্নয়ন

গবেষণা ও উন্নয়ন বিভাগ সাধারন বিনিয়োগকারীদের জন্য প্রতিমাসে নিয়মিত দু'টি করে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন এবং সরকারী ও বেসরকারী বিভিন্ন সংস্থার জন্য পুঁজিবাজার বিষয়ক সেমিনার আয়োজন করে থাকে। এছাড়া স্টক এক্সচেঞ্জের সাথে যৌথভাবে ব্রোকার হাউজের অনুমোদিত প্রতিনিধিদের জণ্য নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত করে আসছে। কমিশনের বিভিন্ন প্রকাশনা যেমন বার্ষিক প্রতিবেদন (বাংলা ও ইংরেজী), কোয়ার্টারলি রিভিউ (ইংরেজী), ত্রৈমাসিক পরিক্রমা (বাংলা নিউজ লেটার), কমিশনের কার্যাবলীর উপর বুকলেট, পুঁজিবাজারের সাধারন বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ বিষয়ক বুকলেট ইত্যাদি প্রনয়নের কাজ গবেষণা ও উন্নয়ন বিভাগ করে থাকে। বিভিন্ন দৈনিক পত্রিকায় (প্রায় ২০ টি) প্রতিদিন পুঁজিবাজার সংশ্লিষ্ট যে সকল খবর ছাপা হয় তা কাটিং করত: কমিশনের নিকট এবং নির্বাহীগনের নিকট প্রতিদিন সরবরাহ করা হয়। তাছাড়া মন্ত্রনালয়ের চাহিদা মোতাবেক নিয়মিত বিভিন্ন তথ্য গবেষণা ও উন্নয়ন বিভাগ মন্ত্রণালয়কে সরবরাহ করে থাকে।

জানুয়ারী-মার্চ, ২০১৬ এ সম্পাদিত কাজের তালিকা নিম্নরূপঃ

ক্রমিক নং	কাজের নাম	সংখ্যা
১	সাধারন বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি (দুই -দিনব্যাপী কর্মসূচি)	০৭
২	অনুমোদিত প্রতিনিধিদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি (দুই -দিনব্যাপী কর্মসূচি)	০০
৩	বার্ষিক প্রতিবেদন ২০১৪ -২০১৫ প্রেরণ	১
৪	কোয়ার্টারলি রিভিউ	১
৫	পরিক্রমা	১
৬	মাসিক কর্মপরিকল্পনা- অর্থ মন্ত্রণালয়ে প্রেরন	৩
৭	মাসিক প্রতিবেদন -অর্থ মন্ত্রণালয়ে প্রেরন	৩

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ নিয়মিত কার্যাবলী পরিপালনের পাশাপাশি জানুয়ারী-মার্চ, ২০১৬ সময়সীমায় নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করেছেঃ

১. গত ২২ নভেম্বর ২০১৫ তারিখ Bangladesh Securities and Exchange Commission (BSEC) এবং Securities and Exchange Board of India (SEBI) -এর মধ্যে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) স্বাক্ষরের ধারাবাহিকতায় BSEC- এর ১০ (দশ) সদস্যের একটি দল প্রশিক্ষণের উদ্দেশ্যে গত ১৩ মার্চ ২০১৬ ভারতের মুম্বাই এ গমন করেছে। ৫ (পাঁচ) জন উপ-পরিচালক ও ৫ (পাঁচ) জন সহকারী পরিচালকের সমন্বয়ে গঠিত সফররত দলটি National Institute of Securities Market (NISM) এ মাসব্যাপী এই প্রশিক্ষণে পুঁজিবাজার সংক্রান্ত তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করবে। BSEC- এর সকল উপ-পরিচালক ও সহকারী পরিচালক পর্যায়ক্রমে উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন।

২. গত ২৬ ফেব্রুয়ারী ২০১৬ তারিখ 'Tools for managing risks in securities markets: market monitoring and regulatory measures' শীর্ষক APRC Webinar অনুষ্ঠিত হয়। BSEC- এর সংশ্লিষ্ট কর্মকর্তারা Online এ উক্ত Webinar এ অংশগ্রহণ করেন।

স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস

ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড

জানুয়ারী - মার্চ, ২০১৬

মাস	ডিএসই বোর্ড ইনডেক্স (DSEX)	বাজার মূলধন (মিলিয়ন টাকায়)	মোট লেনদেন দিবস	সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়নসংখ্যায়)		সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়)	
				মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়
জানুয়ারী	৪৫৪০.৮৯	৩১৫৩০৭৪	২১	৩৫০৯	১৬৭	১১৩৪৯৬.৩০	৫৪০৪.৫৯
ফেব্রুয়ারী	৪৫১১.৯৭	৩১৪৩৪৯৭	২০	২২৮৩	১১৪	৮৬৪২১.৪৬	৪৩২১.০৭
মার্চ	৪৩৫৭.৫৪	৩০৩৬৪১৬	২২	২৩৫৬	১০৭	৭৯৯৭২.৬৭	৩৬৩৫.১২
মোট	-	-	৬৩	৮১৪৮	১২৯	২৭৯৮৯০.৪৪	৪৪৪২.৭১

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

জানুয়ারী - মার্চ, ২০১৬

মাস	সকল শেয়ার এর মূল্য সূচক	বাজার মূলধন (মিলিয়ন টাকায়)	মোট লেনদেন দিবস	সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়)		সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়)	
				মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়
জানুয়ারী	১৩৯৮৭.৩৩৯২	২৪৮৫৩৪৯	২১	২৯২	১৪	৭৭৬১.২৯	৩৬৯.৫৯
ফেব্রুয়ারী	১৩৯২০.৫১১৩	২৪৮২৫২৪	২০	২১৩	১১	৬১৭০.১০	৩০৮.৫১
মার্চ	১৩৪০৭.২৪২৩	২৩৭৩১৯৪	২২	২০০	৯	৫৫৮৪.৮৫	২৫৩.৮৬
মোট	-	-	৬৩	৭০৪	১১	১৯৫১৬.২৫	৩০৯.৭৮

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ।



কমিশন জানুয়ারি-মার্চ সময়কালে কার্যক্রমের ০৬ টি প্রেস রিলিজ ইস্যু করেছে: যা পরবর্তী পৃষ্ঠাসমূহে উপস্থাপিতঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মূখপাত্র (২য় খন্ড)/২০১১/১৫

তারিখঃ ০৫/০১/২০১৬ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৩ তম কমিশন সভা অদ্য ০৫/০১/২০১৬ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন Energypac Power Generation Limited এর প্রতিটি ২৫.০০ টাকা (১৫ টাকা প্রিমিয়াম সহ) মূল্যের ১,৬৭,৩০,২০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৪১,৮২,৫৫,০০০ টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক ঋণ পরিশোধ, চলতি মূলধন (Investment in Inventory of Trading Business) এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির বিগত ৫ বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ২.৯১ (weighted average) এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৩১.১৩ (Year ended as on June 30, 2015) টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে IDLC Investments Limited।

২. সভায় Financial Literacy সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্ট কমিশন কর্তৃক গৃহীত হয়। এছাড়াও রিপোর্টে প্রস্তাবকৃত Nationwide Financial Literacy Program সংক্রান্ত ষ্টিয়ারিং কমিটি এবং Technical Committee গঠনের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে। উল্লেখ্য, বিএসইসি'র চেয়ারম্যান ষ্টিয়ারিং কমিটির প্রধান থাকবেন।

৩. সভায় বে-মেয়াদী VIPB Accelerated Income Unit Fund এর খসড়া প্রসপেক্টাস এর অনুমোদন প্রদান করা হয়েছে। মিউচ্যুয়াল ফান্ডটির লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৮ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক VIPB Asset Management Company Limited এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান Investment Corporation of Bangladesh (ICB).

৪. NCCB Securities and Financial Services Limited (DSE TREC No. 61) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) পৃথকভাবে না রাখায় Securities and Exchange Rules, 1987 এর Section 8A (1) এবং (2) লংঘন;

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

খ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিলের ঘাটতি থাকার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সেকশন ১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৬ লংঘন; এবং

গ) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় NCCB Securities and Financial Services Limited -কে সভায় ১৫ (পনের) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এছাড়াও NCCB Securities and Financial Services Limited -কে আগামী ৩১ জানুয়ারী ২০১৬ তারিখের মধ্যে সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) হালনাগদ করে কমিশনে প্রতিবেদন দাখিল করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়েছে।

৫. জুন ৩০, ২০১৪ সালের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে কোন প্রকার মুনাফা অর্জন না করে এবং ঋনাত্বক মুনাফা থাকা সত্ত্বেও CVO Petrochemical Refinery Limited (Issuer) উক্ত বছর সাধারণ শেয়ার হোল্ডারদের ৫% নগদ লভ্যাংশ প্রদান করেছে এবং যা মূলত: কোম্পানীর মূলধন থেকে প্রদান করা হয়েছে। কোম্পানীর এ ধরনের কর্মকান্ড বিনিয়োগকারীদেরকে ভ্রান্ত তথ্য প্রদান করেছে যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লংঘন। উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের কারণে কমিশন, CVO Petrochemical Refinery Limited এর প্রত্যেক পরিচালককে ৫ লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০৫/০২/২০১৬

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খণ্ড)/২০১১/৩২

তারিখঃ ১৮/০১/২০১৬ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৪ তম কমিশন সভা অদ্য ১৮/০১/২০১৬ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন, Summit Alliance Port Ltd. এর রাইট শেয়ার (১ R : ৫ অর্থাৎ বিদ্যমান ৫টি শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Summit Alliance Port Ltd. -কে কমিশন, ৩৪,৩৫২,৪৬৬টি সাধারণ শেয়ার প্রতিটি ১৫ টাকা মূল্যে (প্রতি শেয়ার টাঃ ৫/- প্রিমিয়ামসহ) বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৫১৫,২৮৬,৯৯০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে জমি ক্রয় এবং মেয়াদী ঋণ পরিশোধ করবে। রাইট শেয়ার ডকুমেন্ট অনুযায়ী ৩০ জুন, ২০১৫ তারিখে কোম্পানীটির শেয়ার প্রতি NAV টাঃ ২৮/- এবং জানুয়ারী ০১, ২০১০-জুন ৩০, ২০১৫ সময়কালে কোম্পানীটির শেয়ার প্রতি আয় টাঃ ১.৪৪ (Weighted Average)। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে LankaBangla Investments Limited কাজ করছে।

২. কমিশন, Bangladesh National Insurance Company Limited এর ইতোপূর্বে ২৯/০৬/২০১৫ তারিখে স্থগিতকৃত IPO এর পুনরায় চাঁদাগ্রহণে চালুকরণের অনুমোদন প্রদান করেছে, যা ১৭ ফেব্রুয়ারি থেকে ২৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখ পর্যন্ত চলবে।

৩. Shyamol Equity Management Limited (DSE Mem No. 03) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;

খ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8(1)(cc)(i) লংঘন;

গ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিলের ঘাটতি থাকার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A (1) ও (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি-১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৬ লংঘন; এবং

ঘ) নীরিক্ষিত আর্থিক প্রতিবেদন সঠিকভাবে সিকিউরিটিজ আইন অনুযায়ী প্রস্তুত না করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 5 (1) লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় Shyamol Equity Management Limited -কে ১৫ (পনের) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪. কমিশনের নির্দেশনার প্রেক্ষিতে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ Anwar Galvanizing এর ০৯/০৯/২০১৩ থেকে ২৬/০৯/২০১৩ পর্যন্ত সময়ের অস্বাভাবিক শেয়ারমূল্য বৃদ্ধির প্রেক্ষিতে তদন্ত পরবর্তী দাখিলকৃত প্রতিবেদনে নিম্নেবর্ণিত বিষয়গুলি উল্লেখিত হয়ঃ

Anwar Galvanizing এর শেয়ার মূল্য অস্বাভাবিক বৃদ্ধির কারণ হিসাবে Saad Securities Limited কিছু সিকিউরিটিজ আইন লংঘন করার প্রমাণ পাওয়া যায়। গ্রাহকের নিকট থেকে Saad Securities Limited প্রতিনিয়ত ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেন করে এবং গ্রাহকের হিসাবে শেয়ার ক্রয় করা সত্ত্বেও লেজার এ যথাযথভাবে প্রদর্শন করতে ব্যর্থ হয়।

উক্ত ঘটনাবলীর প্রেক্ষিতে Saad Securities Limited নিম্নলিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করেছেঃ

ক) Securities and Exchange Rules, 1987 এর Section 8(1) লংঘন;

খ) Securities and Exchange Rules, 1987 এর Rules 8(1)(cc) লংঘন; এবং

গ) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় Saad Securities Limited -কে সভায় ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১৮/০১/২০১৬

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মূখপাত্র (২য় খন্ড)/২০১১/৬৩

তারিখঃ ০২/০২/২০১৬ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৫ তম কমিশন সভা অদ্য ০২/০২/২০১৬ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর কমিশনার জনাব আরিফ খান, কমিশনার এর পদ থেকে স্বাস্থ্যগত কারণে প্রেরিত পদত্যাগপত্র গত ০১ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে সরকার কর্তৃক গৃহীত হয়েছে। কমিশনার হিসেবে কার্যকালীন সময়ে জনাব খান কমিশনের বিভিন্ন ধরনের সংস্কার কার্যক্রম থেকে শুরু করে কমিশনকে শক্তিশালীকরণ ও পুঁজিবাজার উন্নয়নের জন্য যে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন কমিশন তা শ্রদ্ধার সাথে স্মরণ করে। কমিশন তাঁর দ্রুত সুস্থ্যতা এবং আগত দিনগুলোতে তাঁর ব্যক্তিগত, পারিবারিক ও ভবিষ্যত কর্মজীবনের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছে।

২. সভায় পুঁজিবাজারে "Small Cap Board" প্রতিষ্ঠার জন্য গঠিত কমিটির রিপোর্টের উপর বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১) Small Capital Company সমূহের লিষ্টিং এবং ট্রেডিং এর জন্য উভয় স্টক এক্সচেঞ্জে "Small Capital Platform" নামে ভিন্ন প্লাটফরম গঠন করা হবে।
২) এই বাজারে তালিকাভূক্তির জন্য কোম্পানীর ইস্যুপূর্ববর্তী ন্যুনতম ৫ কোটি টাকা এবং ইস্যু পরবর্তী ন্যুনতম ১০ কোটি টাকা পরিশোধিত মূলধন থাকতে হবে। ইস্যু পরবর্তী সর্বোচ্চ মূলধন হবে ৩০ কোটি টাকার নিম্নে।
৩) শুধুমাত্র "Qualified Investors Offer (QIO)" এর মাধ্যমে পুঁজি উত্তোলনপূর্বক Small Capital Based কোম্পানীসমূহ এই বাজারে তালিকাভূক্ত হতে পারবে।
৪) "Qualified Investors" বলতে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ নীটসম্পদধারী ব্যক্তি যাদের বিনিয়োগ সংক্রান্ত সম্যক ধারণা রয়েছে তাদের বোঝাবে।
৫) এই বাজারে ডাইরেক্ট লিষ্টিং এর মাধ্যমে কোন কোম্পানী তালিকাভূক্ত হতে পারবে না। বিদ্যমান শেয়ারধারকদের শেয়ার একটি নির্দিষ্ট সময়ে জন্য লক-ইন থাকবে।
৬) এই বাজারে শুধুমাত্র Qualified Investor গণ লেনদেন করতে পারবেন। এই বাজার সাধারণ বিনিয়োগকারীদের জন্য উন্মুক্ত নয়।
৭) বাজারে লেনদেন এর তারল্য বজায় রাখার জন্য ইস্যুয়ার কোম্পানী ন্যুনতম ৩ বছরের জন্য Market Maker নিয়োগ করবে।
৮) সিকিউরিটিজসমূহ dematerialized form-এ হবে এবং Electronic Trading Platform -এ লেনদেন হবে। ক্লিয়ারিং, সেটলমেন্ট এবং Trade Cycle হবে এক্সচেঞ্জের মূল বাজারের অনুরূপ।
৯) Small Capital Based কোম্পানীর লিষ্টিং এর জন্য ন্যুনতম ফি এবং অন্যান্য খরচ ধার্য করা হবে।
১০) তালিকাভূক্তি এবং Compliance এর বাধ্যবাধকতাসমূহ বর্তমানে প্রচলিত IPO এর চেয়ে হ্রাস করা হবে এবং Electronic Compliance ও Disclosure প্রণয়নের ব্যবস্থা করা হবে।
১১) বিদ্যমান স্টক ব্রোকারদের মাধ্যমে লেনদেন পরিচালিত হবে।
১২) Qualified Investors চিহ্নিতকরণের জন্য সিডিবিএল ভিন্ন ধরনের BO হিসাব প্রণয়ন করবে।
১৩) এক্সচেঞ্জ সমূহ কোম্পানী এবং বিনিয়োগকারীদের সচেতনতা কর্মসূচী গ্রহণ করবে।

উপরোক্ত সিদ্ধান্তসমূহের আলোকে কমিটি বিধিমালা প্রণয়ন করে জনমত যাচাইয়ের জন্য প্রকাশের ব্যবস্থা করবে। এছাড়াও Market Maker বিধিমালা সংশোধনের জন্য গঠিত কমিটিও কার্যক্রম সম্পন্ন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

পাতা ১/২

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

৩. Amam Sea Food Industries Limited (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Amam Sea Food Industries Limited এর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও উল্লিখিত প্রতিবেদনসমূহ দাখিল না করা পর্যন্ত প্রতিদিনের জন্য ১০ হাজার টাকা করে জরিমানা ধার্য করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. Dhaka Fisheries Limited (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Dhaka Fisheries Limited এর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও উল্লিখিত প্রতিবেদনসমূহ দাখিল না করা পর্যন্ত প্রতিদিনের জন্য ১০ হাজার টাকা করে জরিমানা ধার্য করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

02/02/2015

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মূখপাত্র (২য় খন্ড)/২০১১/৬৯

তারিখঃ ০৯/০২/২০১৬ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৬ তম কমিশন সভা অদ্য ০৯/০২/২০১৬ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন, GPH Ispat Limited এর রাইট শেয়ার (৩ R : ২ অর্থাৎ বিদ্যমান ২টি শেয়ারের বিপরীতে ৩টি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে GPH Ispat Limited -কে কমিশন, ১৮,৭১,১০,০০০টি সাধারণ শেয়ার প্রতিটি ১৪ টাকা মূল্যে (প্রতি শেয়ার টা: ৪/- প্রিমিয়ামসহ) বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ২৬১,৯৫,৪০,০০০/- টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে ব্যবসা সম্প্রসারনের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করবে। রাইট শেয়ার ডকুমেন্ট অনুযায়ী কোম্পানীটির শেয়ার প্রতি NAV টাঃ ১৫.৯৯ এবং মে ০১, ২০১৪ - জানুয়ারী ৩১, ২০১৫ (নয় মাস) সময়কালে কোম্পানীটির শেয়ার প্রতি আয় টা: ১.৯৪। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে Banco Finance and Investment Limited এবং LankaBangla Investments Limited কাজ করছে।

২. Jago Corporation Ltd. (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Jago Corporation Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. M. Hossain Garments Washing & Dyeing Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, M. Hossain Garments Washing & Dyeing Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. Khaza Mosaic Tiles and Stone Industries Limited (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Khaza Mosaic Tiles and Stone Industries Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পাতা- ১/২

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

৫. Saleh Carpet Mills Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Saleh Carpet Mills Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Phoenix Insurance Co. Ltd (Issuer) তাদের সেপ্টেম্বর ৩০, ২০১২ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিকের অনিরিক্ষিত আর্থিক বিবরণীতে অসত্য তথ্য উপস্থাপন করে। ফলে উক্ত সময়ে কোম্পানীর মুনাফা ও শেয়ার প্রতি আয় (EPS) অতিমূল্যায়িত (overstated) হয়েছে। কোম্পানীর উক্ত প্রান্তিকের আর্থিক বিবরণীতে সঠিক ও যথাযথ চিত্র উপস্থাপিত না করার মাধ্যমে Phoenix Insurance Co. Ltd, Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লঙ্ঘন করেছে। উল্লেখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন, Phoenix Insurance Co. Ltd এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

02/02/2015

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১১১

তারিখঃ ২৩/০২/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৭ তম কমিশন সভা অদ্য ২৩/০২/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. প্রথম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড কে মেয়াদি (closed-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) স্কীম (Growth Fund)-এ রূপান্তর এর লক্ষ্যে প্রথম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড এর নিরীক্ষা প্রতিবেদন এবং সম্পদ মূল্যায়ন প্রতিবেদন অদ্যকার কমিশন সভায় অনুমোদিত হয়। নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী ফান্ডের নীট সম্পদ মূল্য ১৪০,৭৪,৬৩,৪০১ টাকা এবং সম্পদ মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য ১৮৭৬.৬২ টাকা। রূপান্তরিত হয়ে বে মেয়াদী নতুন ফান্ড এর নাম হবে "প্রথম আইসিবি ইউনিট ফান্ড"। কমিশন অদ্যকার সভায় প্রথম আইসিবি ইউনিট ফান্ড এর প্রসপেক্টাসও অনুমোদন করেছে। ফান্ডটির টার্গেট সাইজ ১৪২.০০ কোটি টাকা। উল্লেখ্য যে, উক্ত টার্গেট সাইজ এর মধ্যে পূর্বতন প্রথম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড এর ইউনিটধারীগন ১,৪০৭,৪৬৩,৪০১ কোটি টাকার ইউনিট প্রাপ্য হবেন এবং অবশিষ্ট অর্থের সমপরিমাণ ইউনিট সাধারন বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ থাকবে। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক আইসিবি অ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানী লিমিটেড।

২. গত ০৯ ডিসেম্বর ২০১৫ তারিখে "দ্বিতীয় আইসিবি মিউচ্যুয়াল ফান্ড" কে মেয়াদি (close-end) থেকে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ড-এ রূপান্তরের উদ্দেশ্যে অনুষ্ঠিত ইউনিট মালিকগণের বিশেষ সভার প্রস্তাব মোতাবেক কমিশন দ্বিতীয় আইসিবি মিউচ্যুয়াল ফান্ড" -কে মেয়াদি (closed-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) স্কীমে রূপান্তরের আবেদনে অনুমোদন প্রদান করেছে।

৩. চতুর্থ আইসিবি মিউচ্যুয়াল ফান্ড এর নির্ধারিত অবসায়ন/রূপান্তর কার্যক্রম চলাকালীন সময়ে হাইকোর্ট ডিভিশন কর্তৃক রিট নং- ৯৪৩৩/২০১৫ এ প্রদত্ত রায় এর উপর আপীল বিভাগের মাননীয় চেম্বার জজ কর্তৃক স্থিতিবস্থা জারী হয় এবং নির্ধারিত অবসায়ন/রূপান্তর কার্যক্রমে স্থিতিবস্থা বজায় থাকে। পরবর্তীতে কমিশনের লিভ টু আপীল নং- ২৯৯/২০১৬ এর প্রেক্ষিতে গত ফেব্রুয়ারী ১১, ২০১৬ তারিখে মহামান্য সুপীম কোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে আপীল বিভাগের পূর্নাঙ্গ বেঞ্চ হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রীট পিটিশন নং-৯৪৩৩/২০১৫ এর রায়ের উপর চার (৪) সপ্তাহের স্থগিতাদেশ প্রদান করে। এর পরিপ্রেক্ষিতে চতুর্থ আইসিবি মিউচ্যুয়াল ফান্ড এর অবসায়ন/রূপান্তর কার্যক্রম ফান্ডের নির্ধারিত মেয়াদসীমা পর্যন্ত সময়কাল এর পর আরো ২৫ দিন যোগ করে অর্থাৎ ৩১ মার্চ ২০১৬ এর পরিবর্তে ২৫ এপ্রিল ২০১৬ এর মধ্যে অবসায়ন/ রূপান্তর এর অবশিষ্ট কার্যক্রম সম্পাদন করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. কমিশন, The ACME Laboratories Limited এর ৫,০০,০০,০০০ (পাঁচ কোটি) টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) বুক বিল্ডিং পদ্ধতি এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন প্রদান করেছে। উক্ত ৫,০০,০০,০০০ (পাঁচ কোটি) টি সাধারণ শেয়ারের মধ্যে ৫০% অর্থাৎ ২,৫০,০০,০০০ টি শেয়ার যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের (Eligible Institutional Investors) জন্য এবং ১০% অর্থাৎ ৫০,০০,০০০ টি শেয়ার মিউচ্যুয়াল ফান্ড এর জন্য, যার প্রতিটি শেয়ার কাট-অফ (cut-off) মূল্যে অর্থাৎ ৮৫.২০ টাকায় (৭৫.২০ টাকা প্রিমিয়ামসহ) সংরক্ষিত। অবশিষ্ট ৪০% অর্থাৎ ২,০০,০০,০০০ টি শেয়ার সাধারণ বিনিয়োগকারী, ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারী এবং নন-রেসিডেন্ট বাংলাদেশীদের (NRBs) জন্য যার প্রতিটি শেয়ার কাট-অফ মূল্যের ১০% হ্রাসকৃত মূল্য ৭৭.০০ টাকায় ইস্যুর জন্য অনুমোদন দেয়া হয়েছে। উল্লেখ্য, কাট-অফ মূল্য নির্ধারণের বিডিং-এ নির্দিষ্ট শেয়ার সংখ্যার ৩.৯০ গুণ শেয়ারের আবেদন পড়ে ৮৫.২০ টাকা মূল্যে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৪০৯,৬০,০০,০০০.০০ (চারশত নয় কোটি ষাট লক্ষ) টাকা পুঁজি উত্তোলন করে ৩ টি নতুন প্রকল্প বাস্তবায়ন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির বিগত ৫ বৎসরের (০১-০৭-২০১০ থেকে ৩০-০৬-২০১৫ পর্যন্ত) নিরীক্ষিত বিবরণী অনুয়ায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাকা ৪.০৭ (Weighted Average) এবং ৩০ শে জুন ২০১৫ সমাপ্ত বৎসরের হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় ৫.৭০ টাকা। কোম্পানীর নেট এ্যসেট ভ্যালু (NAV) টাকা ৭০.৩৭ (৩০ শে জুন ২০১৫ সমাপ্ত বৎসরে)। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited এবং রেজিষ্টার টু দি ইস্যুর দায়িত্বে নিয়োজিত রয়েছে Prime Capital Management Limited.

৫. Quasem Textile Mills Ltd. (Issuer) এর সেপ্টেম্বর ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এবং Securities and Exchange

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

Rules, 1987 এর Rule 13 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Quasem Textile Mills Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Quasem Silk Mills Ltd. (Issuer) এর সেপ্টেম্বর ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Quasem Silk Mills Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. Excelsior Shoes Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Excelsior Shoes Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৮. Beach Hatchary Ltd. (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন এবং জুন ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Beach Hatchary Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৯. Hill Plantation Limited (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখঃ September 27, 2009 এর লঙ্ঘন। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Hill Plantation Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২৬/০২/২০২৩

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মূখপাত্র (২য় খন্ড)/২০১১/২০৪

তারিখঃ ৩১/০৩/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৮ তম কমিশন সভা অদ্য ৩১/০৩/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন 'তৃতীয় আইসিবি মিউচ্যুয়াল ফান্ড'-কে মেয়াদি (close-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ড-এ রূপান্তরের উদ্দেশ্যে গত ১৬ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত ইউনিট মালিকগণের বিশেষ সভার প্রস্তাব মোতাবেক উক্ত ফান্ডগুলোকে মেয়াদি (close-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ড-এ রূপান্তরের আবেদনে অনুমোদন প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

২. 'চতুর্থ আইসিবি মিউচ্যুয়াল ফান্ড'-কে মেয়াদি (close-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ড-এ রূপান্তরের উদ্দেশ্যে গত ১৩ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত ইউনিট মালিকগণের বিশেষ সভার প্রস্তাব মোতাবেক উক্ত ফান্ডগুলোকে মেয়াদি (close-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ড-এ রূপান্তরের আবেদনে অনুমোদন প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৩. 'পঞ্চম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড'-কে মেয়াদি (close-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ড-এ রূপান্তরের উদ্দেশ্যে গত ০৯ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত ইউনিট মালিকগণের বিশেষ সভার প্রস্তাব মোতাবেক উক্ত ফান্ডগুলোকে মেয়াদি (close-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ড-এ রূপান্তরের আবেদনে অনুমোদন প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৪. এছাড়াও কমিশন অদ্যকার সভায় দ্বিতীয় আইসিবি ইউনিট ফান্ড এর প্রসপেক্টাস অনুমোদন করেছে। উল্লেখ্য যে, দ্বিতীয় আইসিবি মিউচ্যুয়াল ফান্ড মেয়াদি থেকে রূপান্তর এর মাধ্যমে বে-মেয়াদি স্কীম (Growth Fund)-এ রূপান্তরিত হয়েছে। ফান্ডটির টার্গেট সাইজ ২০.০০ কোটি টাকা। "দ্বিতীয় আইসিবি মিউচ্যুয়াল ফান্ড" এর সম্পদ ব্যবস্থাপক ছিল ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ। রূপান্তরিত ফান্ড "দ্বিতীয় আইসিবি ইউনিট ফান্ড" এর সম্পদ ব্যবস্থাপক আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কো: লি।

৩১.০৩.২০১৬

মোঃ আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

Design & Printed by : THE GOODLUCK PRINTERS
Cell: +8801714-388543, Email : goodluckprint@yahoo.com

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (৯, ১১, ১৫, ১৬, ১৭ ও ২১ তলা),১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোনঃ (৮৮)-০২-৯৫৬৮১০১-২, ৯৫৬১৫২৫,ফ্যাক্সঃ (৮৮)-০২-৯৫৬৩৭২১,৯৫৮০১৮৩
Website: http://www.secbd.org, http://www.sec.gov.bd
E-mail: secbd@bdmail.net